

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬৪৯

১/ বিবিধ

আরবী

إن أشد أمتي حبا لي قوم يأتون من بعدي، يؤمنون بي ولم يروني، يعملون بما في  
الورق المعلق  
موضوع بهذا اللفظ

رواه ابن عساكر " في تاريخه " (ج 11 / 137 / 2) عن أحمد بن القاسم بن الريان  
اللكي المصري: أحمد بن إسحاق بن إبراهيم بن نبيط الأشجعي: حدثني أبي: حدثنا  
أبي قال: لما نسخ عثمان المصاحف قال له أبوهريرة: أصبت ووفقت، أشهد لسمعت  
رسول الله صلى الله عليه وسلم يقول. فذكره  
قال أحمد بن القاسم بن الريان: أخبرنا الواقدي أخبرنا ابن أبي سبرة عن سهيل بن  
أبي صالح عن أبيه عن أبي هريرة به. كذا قال وقد سقط منه محمد بن سعد كاتب  
الواقدي. قلت: وهكذا وقع الحديث من الطريقتين عن أبي هريرة في " نسخة نبيط بن  
شريط " (رقم 57 و 58) ، وفيها بلايا، كما في ترجمة أحمد بن إسحاق بن إبراهيم هذا  
من " الميزان " وقال: " لا يحل الاحتجاج به فإنه كذاب ". وأقره الحافظ في " اللسان ".  
والراوي عنه أحمد بن القاسم بن الريان اللكي بضم اللام وتشديد الكاف نسبة إلى  
(اللك) بليدة من أعمال برقة الغرب

وقال الذهبي: " لينه ابن ماکولا، وضعفه الدارقطني

ثم وقفت على طريق رابع للحديث ليس فيه الورق المعلق وسوف يأتي بلفظ: " يا أيها  
الناس من أعجب الخلق ... ". وإنما يصح من هذا الحديث والذي قبله بعضه، وهو في

حديث أبي جمعة رضي الله عنه قال: تغدينا مع رسول الله صلى الله عليه وسلم  
ومعنا أبو عبيدة بن الجراح فقال: يا رسول الله أحد منا خير منا؟ أسلمنا وجاهدنا  
معك، قال: نعم قوم يكونون من بعدكم يؤمنون بي ولم يروني. رواه الدارمي (2 / 308)  
وأحمد (4 / 106)

والحاكم (4 / 85) وصححه ووافقه الذهبي. وأقول: إسناد الدارمي وأحد إسنادي  
أحمد صحيح إن شاء الله تعالى. وقد عزاه لهؤلاء الثلاثة السيوطي في " تريب الراوي  
(ص 150) بلفظ آخر، وهو سهو منه رحمه الله "

বাংলা

৬৪৯। আমার উম্মাতের সেই সম্প্রদায় আমাকে সর্বাপেক্ষা বেশী ভালবাসে যারা আমার পরে আসবে। আমার উপর বিশ্বাস স্থাপন করবে অথচ তারা আমাকে দেখেনি। তারা বুলন্ত পাতার মধ্যে যা কিছু পাবে তার উপর আমল করবে।

হাদীছটি এ বাক্যে বানোয়াট।

হাদীছটি ইবনু আসকির তার "আত-তারীখ" (১১/১৩৭/২) গ্রন্থে আহমাদ ইবনুল কাসেম হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ হাদীছটি আবু হুরাইরাহ-(রাঃ) হতে দুটি সূত্রে “নুবায়েত ইবনু শারীতের কপিতে” (নং ৫৭, ৫৮) এসেছে। যার মধ্যে কতিপয় সমস্যা রয়েছে। যেমনটি ইমাম যাহাবী “আল-মীযান” গ্রন্থে আহমাদ ইবনু ইসহাকের জীবনী আলোচনা করতে গিয়ে বলেছেনঃ তার দ্বারা দলীল গ্রহণ করাই হালাল নয়, কারণ তিনি মিথ্যুক। হাফিয ইবনু হাজার তার বক্তব্যকে “আল-লিসান” গ্রন্থে সমর্থন করেছেন।

তার থেকে বর্ণনাকারী আহমাদ ইবনুল কাসেম সম্পর্কে ইমাম যাহাবী বলেনঃ তাকে ইবনু মাকূলা কিছুটা দুর্বল আর দারাকুতনী দুর্বল আখ্যা দিয়েছেন।

এ বিষয়ে নিম্নে বর্ণিত হাদীছটি সহীহ ইনশাআল্লাহ।

আবু জামা'য়াহ হতে বর্ণিত তিনি বলেনঃ

تغدينا مع رسول الله صلى الله عليه وسلم ومعنا أبو عبيدة بن الجراح فقال: يا رسول الله أحد منا خير منا؟  
أسلمنا وجاهدنا معك، قال: نعم قوم يكونون من بعدكم يؤمنون بي ولم يروني

আমরা একদা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে দুপুরের খাবার খেলাম, আমাদের সাথে আবু উবাইদাহ ইবনুল জাররাহ ছিলেন। তিনি বললেনঃ হে আল্লাহর রাসূল! আমাদের চেয়ে কি কেউ উত্তম আছে?

আমরা ইসলাম গ্রহণ করেছি এবং আমরা আপনার সাথে জিহাদ করেছি। তিনি বললেনঃ হ্যাঁ, তারা এক সম্প্রদায় যারা তোমাদের পরে আসবে, অতঃপর আমাকে না দেখা সত্ত্বেও তারা আমার উপর ঈমান আনবে।

এটি দারেমী (২/৩০৮), আহমাদ (৪/১০৬) ও হাকিম (৪/৮৪) বর্ণনা করেছেন। হাকিম হাদীছটিকে সহীহ আখ্যা দিয়েছেন আর যাহাবী তার সাথে ঐকমত্য পোষণ করেছেন।

আমি (আলবানী) বলছিঃ দারেমী এবং ইমাম আহমাদের একটি সনদ সহীহ ইনশাআল্লাহ্। সুযুতী "তাদরীবুর রাবী" (পৃঃ ১৫০) গ্রন্থে অন্য ভাষায় তাদের উদ্ধৃতিতে উল্লেখ করেছেন। সেটি তার থেকে ভুল।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71528>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন